বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**২০ জুলাই, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রমজান আলী প্রামানিক<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২০ জুলাই, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ২:৩০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

বিগত ২০ জুলাই, ২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ০২:৩০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১৯/০৭/২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালকগণ, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, পূর্ণকালীন প্রকল্প পরিচালকগণ এবং সদর দপ্তরের বিভিন্ন পরিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠ পর্যায়ের অন্যান্য জোনের প্রধান প্রকৌশলীবৃন্দ, সকল পওর/ পানি উন্নয়ন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ ভার্চুয়ালি Zoom এ সংযুক্ত থেকে অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। প্রধান প্রকৌশলী (মনিটরিং) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। ২০২২-২৩ অর্থবছরে আরএডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ১২১টি চলমান প্রকল্পের অনুকূলে ১১৩২৪.৩৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ১০২৮৪.৬৮ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩৯.৬৬ কোটি টাকা এবং টাকাংশ ৯৭৪.৫৪ কোটি টাকা । ১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত উক্ত ব্যয়যোগ্য বরাদ্দ অনুযায়ী ছাড়কৃত অর্থের পরিমাণ মোট ৮৭০৩.৯১ কোটি (জিওবি ৭৭৪৭.৫৯ কোটি, প্রকল্প সাহায্য ৯৫৬.৩৩ কোটি ও টাকাংশ ৮৯৪.২৩ কোটি) টাকা, যা মোট বরাদ্দের ৭৬.৮৬%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ৮৬৪২.১৭ কোটি (জিওবি ৭৭০১.৪০ কোটি, প্রকল্প সাহায্য ৯৪০.৭৭ কোটি ও টাকাংশ ৮৭৯.১৩ কোটি) টাকা, যা মোট আরএডিপি বরাদ্দের ৭৬.৩২% কিন্তু অর্থ বিভাগ নির্ধারিত ব্যয়যোগ্য অর্থের ৯৯.২৯%। প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৯১.৮৮%। ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ১২১টি চলমান প্রকল্পের অনুকূলে প্রায় ১৬১৫.০০ কোটি টাকা বকেয়া রয়েছে যা সার্বিক অগ্রগতিকে মন্থর করেছে।

২০২৩-২৪ অর্থবছরে এডিপিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৯৫টি চলমান প্রকল্পের অনুকূলে ৭৫৮৫.৭৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৫৯৮৯.৪২ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১৫৯৬.৩৩ কোটি টাকা এবং টাকাংশ ১৫৪৮.৮৫ কোটি টাকা। বাস্তবায়নাধীন ৯৬টি প্রকল্পের মধ্যে ১টি এডিপি ড্রপ-আউট প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এডিপি অনুমোদন পরবর্তী আরো ৯টি নতুন প্রকল্প অনুমোদন লাভ করেছে। এডিপিভুক্ত, এডিপি ড্রপ-আউট ও নতুন অনুমোদিত প্রকল্পসমূহ নিয়ে বাস্তবায়নাধীন মোট প্রকল্প সংখ্যা দাড়ায় (৯৬-১ +৯)= ১০৪টি, যার মধ্যে ৪১টি প্রকল্প চলতি ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত/ নির্দেশনা প্রদান করা হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/ নির্দেশনা | বাস্তবায়নকারী (সময়সীমা) |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | ২০২২-২৩ অর্থবছরে আরএডিপিভুক্ত ১২১টি প্রকল্পের মধ্যে ৩২টি প্রকল্প জুন, ২০২৩ এ সমাপ্ত হয়েছে। সমাপ্তকৃত প্রকল্পের পিসিআর আইএমইডি তে প্রকল্প সমাপ্তের তিন মাস সময়ের মধ্যে দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে সমাপ্তকৃত ৩২ টি প্রকল্পের পিসিআর যথাসময়ে বোর্ডে দাখিলের নির্দেশনা প্রদান করেন। বোর্ডে দাখিলের পর তা যথাযথভাবে নিরীক্ষা করে মন্ত্রণালয় এবং আইএমইডি তে দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী (সকল জোন)/ প্রকল্প পরিচালক (সকল) |
| ২ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ "নরসিংদী জেলার অন্তর্ভুক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুনঃখনন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সমাপ্ত হয়। উক্ত প্রকল্পে ২.৭৮ কোটি টাকা অব্যয়িত রয়েছে এর ব্যাখ্যায় প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল সভাকে জানান যে প্রকল্পের আওতাধীন রিভার ড্রাইভ পার্কের জন্য প্রয়োজনীয় জমি ভূমি মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দ না দেয়ায় বাস্তবায়ন করা সম্ভব হয়নি ফলে বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রয়ে গেছে । | | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা |
| ৩ | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা- তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ ৬টি প্রকল্প সমাপ্ত হয়। এর মধ্যে ৫টি প্রকল্পের ২৪.৯৮ কোটি টাকা অর্থ অব্যয়িত রয়েছে। এই জোন নিয়ে আলোচনাকালে সভাপতি বরাদ্দকৃত সমুদয় অর্থ খরচ করতে না পারায় অসন্তোষ প্রকাশ করেন। বিশেষ করে "লক্ষীপুর জেলার অন্তর্গত রামগতি ও কমলনগর উপজেলাধীন বড়খেরী ও লুধুয়াবাজার এবং কাদের পন্ডিতের হাট এলাকা ভাঙ্গন হতে রক্ষাকল্পে মেঘনা নদীর তীর সংরক্ষণ" প্রকল্পে প্রায় ১০.০০ কোটি টাকা অব্যয়িত থাকায় উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক, প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল কে যৌক্তিক ব্যাখা প্রদানের জন্য বলা হয়। | | প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল |
| ৪ | **দক্ষিন- পূর্বাঞ্চল, চট্টগ্রাম -** তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ **২**টি প্রকল্প সমাপ্ত হয়। এর মধ্যে **"কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন খুটাখালী ইউনিয়নের জলাবদ্ধতা দূরীকরণ ও ভাঙ্গন রোধ"** প্রকল্পে প্রায় ২.২৪ কোটি টাকা অব্যয়িত থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৫ | **দক্ষিন-পশ্চিমাঞ্চল, খুলনা -** তে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ **১**টি প্রকল্প সমাপ্ত হয়। উক্ত প্রকল্পে প্রায় ২.১৫ কোটি টাকা অব্যয়িত থাকায় সভাপতি উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর সার্কেল কে যৌক্তিক ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৬। | বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ নিয়ে আলোচনাকালে ২০২২-২৩ অর্থবছরে জুন, ২০২৩ নাগাদ প্রকল্পওয়ারী নিম্নরুপ অবস্থা পরিলক্ষিত হয়।<br>ক) "Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Khulna, Bagehat, Pirojpur, Jhalakathi, Barguna & Patuakhali District (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির প্রায় ৩৪.০৫ কোটি টাকা অব্যয়িত রয়েছে। পরামর্শক চুক্তির ভেরিয়েশন প্রস্তাব জুন, ২০২৩ এর মধ্যে অনুমোদিত না হওয়ায় বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রয়ে গেছে বলে প্রকল্প পরিচালক জানান।<br>খ) "**ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (বাপাউবো অংশ)**" শীর্ষক প্রকল্পটির প্রায় ১৪.৭৯ কোটি টাকা অব্যয়িত রয়েছে। ভূমি অধিগ্রহণের ব্যয় প্রাক্কলন চূড়ান্ত না হওয়ায় এবং পরামর্শকদের নিয়োগ সম্পূর্ণ না হওয়ায় বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রয়ে গেছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।<br>গ) "Irrigation Management Improvement Project (IMIP) for Muhuri Irrigation Project (MIP) (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির প্রায় ১০.৯৪ কোটি টাকা অব্যয়িত রয়েছে। পরামর্শক চুক্তির ভেরিয়েশন প্রস্তাব সিসিজিপিতে অনুমোদিত না হওয়ায় বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রয়ে গেছে বলে প্রকল্প পরিচালক জানান।<br>ঘ) "South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির প্রায় ১২.৬৩ কোটি টাকা অব্যয়িত রয়েছে।<br>ঙ) "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (FRERMIP) Project-2" শীর্ষক প্রকল্পটির প্রায় ১৫.৬৫ কোটি টাকা অব্যয়িত রয়েছে। জিওবি ম্যাচিং ফান্ডের অপ্রতুলতার কারণে প্রকল্প সাহায্য হতে সম্পাদিত কাজের বিল প্রদান করা সম্ভব হয়নি বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।<br>চ) "Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির প্রায় ৬.১৫ কোটি টাকা অব্যয়িত রয়েছে। ভূমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতার কারণে বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রয়ে গেছে।<br>ছ) "**চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)**" শীর্ষক প্রকল্পটির প্রায় ১৪.৭৮ কোটি টাকা অব্যয়িত রয়েছে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

**৭। মহাপরিচালক মহোদয় সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-**

ক) সভায় South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2) (২য় সংশোধিত) প্রকল্পের প্রকল্প পরিচালক স্বশরিরে/ Zoom এ উপস্থিত না থাকায় মহাপরিচালক, বাপাউবো মহোদয় উস্মা প্রকাশ করেন। এছাড়াও, কক্সবাজার পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী Zoom এ সংযুক্ত না থাকাতেও মহাপরিচালক, বাপাউবো মহোদয় উস্মা প্রকাশ করেন। সভাপতি ভবিষ্যতে অনুমতি ব্যতীত সভায় স্বশরীরে/online এ এরূপ অনুপস্থিত না থাকার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

খ) ২৫/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য পানি সম্পদ মন্ত্রণালয়ের এডিপি মিটিংয়ে মাঠ পর্যায়ের সকল প্রধান প্রকৌশলীগণ এবং সকল প্রকল্প পরিচালককে ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে অব্যয়িত অর্থ বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদানের জন্য প্রস্তুতি গ্রহণে নির্দেশনা প্রদান করেন।

৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১-০৭-২০২৩
মোঃ রমজান আলী প্রামানিক
মহাপরিচালক

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৫। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৬। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৭। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৯। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১০। প্রধান প্রকৌশলী, সকল জোন;
১১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট/ ড্যাম এন্ড ব্যারেজ/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট/ পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ;
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা;
১৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পওর এর দপ্তর, বাপাউবো, ঢাকা;
১৬। প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৭। প্রকল্প পরিচালক, CEIP-1/ BWCSRP-SHISEWS/ CSAWMP/ FRERMIP-2/ IMIP-MIP/ SWAIWRPMP-AF/ HFMLIP/ DRMEP Comp-1/ CDSP-AF/ ড্রেজার ক্রয়/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ জলযান ক্রয়, বাপাউবো, ঢাকা;
১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কাবিখা মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২১। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো;
২৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ওয়েস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কোয়ালিটি কন্ট্রোল এন্ড অ্যাসুরেন্স পরিদপ্তর, ইস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২৯। পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩০। পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩১। পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩২। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৩। পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৫। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৬। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৭। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৮। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৩৯। পরিচালক , প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪০। যুগ্ম প্রধান, যুগ্ম প্রধান, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪১। পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৪৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয় এবং

৪৭। নির্বাহী প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন বিভাগ।

৩১-০৭-২০২৩
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) attendance